

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪
www.frc.gov.bd

স্মারক নং- ১৭৭/এফআরসি/এপিআর/২০২৬/৫০১

তারিখ: ০১ এপ্রিল ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন (২০২৫-২০২৬ অর্থবছর) সনদ বিতরণের সময় বৃদ্ধিকরণ

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরের সুপারিশকৃত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মসমূহকে তালিকাভুক্তি/নবায়ন সনদ সংগ্রহের জন্য গত ২৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখে এফআরসি'র ওয়েবসাইটে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় যার সময়সীমা ছিল ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ। যেসকল তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উক্ত সময়ের মধ্যে তালিকাভুক্তি/নবায়ন সনদ সংগ্রহ করতে পারেননি, তাদেরকে পুনরায় সুযোগ প্রদানপূর্বক গত ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখ সনদ সংগ্রহের সময় বৃদ্ধি করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় যার সর্বশেষ সময়সীমা ছিল ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ।

উল্লিখিত সময়ের মধ্যেও যেসকল তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি/নবায়ন সনদ সংগ্রহ করতে পারেননি, তাদেরকে ২০২৬-২০২৭ অর্থবছরের তালিকাভুক্তি ও নবায়ন আবেদন প্রক্রিয়া চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফি ১,০০০/- টাকার সাথে ২,০০০/- টাকা জরিমানা এবং ১৫% ভ্যাটসহ মোট ৩,৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) টাকা সনদ ফি নিম্নোক্ত লিংকের মাধ্যমে অনলাইনে পরিশোধপূর্বক পেমেন্ট রশিদ জমা প্রদান করে এফআরসি'র কার্যালয় হতে তালিকাভুক্তি/নবায়ন সনদ সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

সনদ ফি পরিশোধের লিংক: (<https://invoice.sslcommerz.com/invoice-form?refer=65F7DAD05AD5D>)

উল্লেখ্য যে, সনদ ফি পরিশোধের ক্ষেত্রে কোন ধরনের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য নয়।

বিঃ দ্রঃ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর ফরম ১ এবং ফরম ২ অনুযায়ী চলতি বছরের তালিকাভুক্তি সনদ নবায়ন আবেদনের ক্ষেত্রে বিগত বছরের তালিকাভুক্তি বা নবায়ন সনদ জমা প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। সুতরাং, নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে তালিকাভুক্তি সনদ নবায়ন আবেদনের ক্ষেত্রে ২০২৫-২০২৬ অর্থবছরের তালিকাভুক্তি বা নবায়ন সনদ জমা প্রদান করতে হবে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লিখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৬, ০১৮১০১৫৬৩৫২

Scan for Online Payment



সভাপতি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম
তালিকাভুক্তি বাছাই কমিটি